

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৪৯৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় মানুষ তারাই যারা দ্রুত ইফতার করে

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ مِنْ أَحَبِّ الْعِبَادِ إِلَى اللَّهِ مَنْ كَانَ أَعْجَلَ إِفْطَارًا

আরবী

3498 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلَمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ عَنْ الْأَوْزَاعِيِّ حَدَّثَنِي قُرَّةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ اللَّهُ - تَعَالَى -: أَحَبُّ عِبَادِي إِلَيَّ أَعْجَلُهُمْ فِطْرًا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3498 | خلاصة حكم المحدث: ضعيف - ((المشكاة)) (1989).  
قَالَ أَبُو حَاتِمٍ: قُرَّةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ - هَذَا -: هُوَ قُرَّةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ حَيَوَيْلَ ، اسْمُهُ: يَحْيَى وَقُرَّةُ لَقَبٌ؛ مِنْ ثِقَاتِ أَهْلِ مِصْرَ.

বাংলা

৩৪৯৮. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন, “আমার বান্দাদের মাঝে সবচেয়ে প্রিয় তারাই, যারা তাদের মাঝে দ্রুত ইফতার করে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “এই হাদীসের রাবী কুররাতা বিন আব্দুর রহমান হলেন কুররাতা বিন আব্দুর রহমান বিন হাইওয়াইল। তার মূল নাম ইয়াহইয়া। আর কুররাতা হলো তার উপাধী। তিনি মিসরের একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] তিরমিযী: ৭০০; বাগাবী: ১৭৩৩; মুসনাদ আহমাদ: ২/৩২৯; সুনান বাইহাকী: ৪/২৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ অন্যান্য হাদীসের কারণে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (মিশকাত: ১৯৮৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92832>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন